



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

বিসিক জেলা কার্যালয়, ময়মনসিংহ।



Bangladesh Small & Cottage Industries Corporation (BSCIC)

Website: www.bscic.mymensingh.gov.bd . Tel: 091-66853

-১০-

বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি জানান, প্রণোদনা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত না হওয়ায় প্রণোদনা ঋণ বিতরণের সময়সীমা ৩০ জুন/ ২০২১ ইং পর্যন্ত বর্ধিত করা হয়েছে। এই বর্ধিত সময়সীমার মধ্যে অবশ্যই প্রণোদনা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে। প্রণোদনা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত না হলে পুনরায় সময়সীমা বর্ধিত করা হবে। যেসকল ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানসমূহ বর্ধিত সময়সীমার মধ্যে প্রণোদনা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে অসমর্থ হবে, তাদের বিরুদ্ধে জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি ব্যবস্থা গ্রহণ করতে পারে। এর ১ম ধাপ হিসেবে যে সকল ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ বিতরণ ৬০% এর নিচে, দফায় দফায় সময় বাড়ানোর পরেও প্রণোদনা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত না হওয়ার কারণ জানতে চেয়ে জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির পক্ষ থেকে তাদের বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।

বিসিকের উপ-মহাব্যবস্থাপক জানান, মেসার্স এসবি অয়েল মিলের স্বত্বাধিকারী জনাব দীপক কুমার পাল ঋণ প্রণোদনা সুবিধা পাওয়ার জন্য গত ১২-১০-২০২০ খ্রি: তারিখে ন্যাশনাল ব্যাংক, ময়মনসিংহ শাখা বরাবর আবেদন করেন। কিন্তু তার নামে ২ কোটি টাকা সিসি ঋণ মঞ্জুর হলেও ৫০ লক্ষ টাকার প্রণোদনা ঋণ মঞ্জুর হয়নি। তিনি প্রণোদনা ঋণ পেতে ঋণ প্রণোদনা কমিটির সহযোগিতা চেয়ে গত ২৮-০৩-২০২১ খ্রি: তারিখে আবেদন করেছেন। এর প্রেক্ষিতে জেলা প্রশাসক, ময়মনসিংহ মহোদয় বরাবর বিসিক জেলা কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক গত ২৯-০৩-২০২১ খ্রি: তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এ ব্যাপারে জেলা এসএমই ঋণ প্রণোদনা মনিটরিং কমিটির ১০ম সভায় আলোচনা করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক এস.বি অয়েল মিলের অনুকূলে ঋণ অনুমোদনের জন্য ন্যাশনাল ব্যাংক কর্তৃক প্রধান কার্যালয়ে প্রেরিত ঋণ প্রস্তাবের একটি অনুলিপি জেলা প্রশাসক, ময়মনসিংহ ও বিসিক জেলা কার্যালয়, ময়মনসিংহ বরাবর প্রেরণ করেন। পরবর্তীতে গত ০২/০৫/২০২১ তারিখে মেসার্স এসবি অয়েল মিলের স্বত্বাধিকারী জনাব দীপক কুমার পাল বিসিক জেলা কার্যালয়, ময়মনসিংহ বরাবর পত্র প্রেরণ করেন যাতে তিনি অনুমোদিত সিসি ঋণের Sanction Letter যথাযথ নিয়মে তার প্রতিষ্ঠান বরাবর নিশ্চিত করণসহ আবেদনকৃত প্রণোদনা ঋণ পেতে ঋণ প্রণোদনা মনিটরিং কমিটির সহযোগিতা চেয়েছেন। এ বিষয়ে ন্যাশনাল ব্যাংক, ময়মনসিংহের সাথে আলাপকালে তারা অত্র কার্যালয়কে জানান, গত ০৩/০৫/২০২১ তারিখে অনুমোদিত সিসি ঋণের Sanction Letter পুনরায় মেসার্স এসবি অয়েল মিল বরাবর প্রেরণ করেন এবং প্রণোদনা ঋণ প্রাপ্তির বিষয়ে গত ০৩/০৫/২০২১ তারিখে মেসার্স এসবি অয়েল মিলের প্রতিনিধির সাথে ব্যাংকে আলোচনা করেন।

জেলা প্রশাসক মহোদয় এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধির কাছে মতামত জানতে চান।

বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি জানান, উদ্যোক্তার (মেসার্স এসবি অয়েল মিল) ন্যাশনাল ব্যাংক, ময়মনসিংহের বিরুদ্ধে অভিযোগের বিষয়ে বাংলাদেশ ব্যাংক বরাবর পত্র প্রেরণ করা উচিত ছিল। এরপরেও তারা (বাংলাদেশ ব্যাংক) ন্যাশনাল ব্যাংক, ময়মনসিংহের সাথে আলোচনা করেছেন। এসময় ন্যাশনাল ব্যাংক, ময়মনসিংহ কর্তৃক জানানো হয়, মেসার্স এসবি অয়েল মিলের মর্টগেজ জনিত জটিলতার কারণে ঋণ প্রদান করা হয়নি। তিনি মেসার্স এসবি অয়েল মিলকে ন্যাশনাল ব্যাংক, ময়মনসিংহের বিরুদ্ধে অভিযোগের বিষয়ে বাংলাদেশ ব্যাংক বরাবর পত্র প্রেরণ করার পরামর্শ প্রদান করেন।